


সেন্টমার্টিন থেকে সরানো হল ৭হাজার ২০০ কেজি প্লাস্টিক বর্জ্য




🕓 ১৩ অক্টোবর ২০২৩, ১২:০১ এএম | আপডেট: ১৩ অক্টোবর

২০২৩, ১২:০১ এএম



1 of 8 13/10/23 11:45 AM



পর্যটন মৌসুমের শুরুতেই প্রবাল দ্বীপ সেন্টমার্টিন থেকে সাত হাজার দুইশত কেজি প্লাম্টিক বর্জ্য সরিয়েছেন স্বেচ্ছাসেবী সংগঠন 'কেওক্রাডং বাংলাদেশ'।

গত বছরের মতো এবারও ৯ অক্টোবর থেকে ১১ অক্টোবর পর্যন্ত টানা তিন দিন সেন্টমার্টিন দ্বীপের অলিগলি ও সমুদ্র সৈকতের বিভিন্ন জায়গা থেকে প্লাস্টিক বোতল, খাদ্য দ্রব্যের প্যাকেট, নানান ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সংগ্রহে নেতৃত্ব দেয় 'কেওক্রোডং বাংলাদেশ' নামে ওই স্বেচ্ছাসেবী সংগঠন।

এছাড়া কেওক্রাডং বাংলাদেশ ২০১০ সাল থেকে প্রতি বছর নভেম্বর/ডিসেম্বর মাসে সেন্টমার্টিন দ্বীপে আন্তর্জাতিক সংস্থা ওশান কনজারভেন্সি ও কোকাকোলার সহযোগিতায় বড় ধরণের আরো একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে আসছে।

সেন্টমার্টিনে স্থানীয় সাংবাদিক নূর মোহামাদ বলেন, প্রতি বছর হাজার হাজার প্রযর্টক প্রবাল দ্বীপ সেন্ট মার্টিনে বেড়াতে এসে ফেলে যান নানা রকম প্লাস্টিক বর্জ্য। সঙ্গে যোগ হয় স্থানীয়দের ব্যবহারিত বিভিন্ন পলিথিন বর্জ্য। অপচনশীল এসব প্লাস্টিক বর্জ্যের ভারে হুমকিতে পড়েছে ছোট্ট এই দ্বীপের প্রাণ-প্রকৃতি। ভ্রমণ মৌসুম শুরুর ঠিক আগে প্রতিবছর সেন্টমার্টিনের সমুদ্র সৈকত আর লোকালয়ের যত্রতত্র পড়ে থাকা এসব প্লাস্টিক বর্জ্য সরানোর মতো মহৎ কাজ করছে স্বেচ্ছাসেবী সংগঠন কেওক্রাডং বাংলাদেশের সদস্যরা।

স্বেচ্ছাসেবীরা জানান, এসব প্লাস্টিক বর্জ্য ১৫০টি প্লাস্টিকের বস্তায় ভর্তি করে ২টি

1

ট্রলারে করে সেন্টমার্টিন দ্বীপ থেকে টেকনাফে নিয়ে আসা হয়। পরে প্লাস্টিক এই বর্জ্যগুলো ট্রাকযোগে টেকনাফ পৌরসভার বর্জ্য ডাম্পিং স্টেশনে নিয়ে যাওয়া হয়।

কেওক্রাডং বাংলাদেশের সমন্বয়কারী, ওশান কনজারভেন্সির বাংলাদেশের সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, সামুদ্রিক আর্বজনা বা মেরিন ডেবরিজ বর্তমান দুনিয়াতে বহুল আলোচিত। এর মূল কারণ হিসেবে মেরিন ডেবরি থেকে যে মাইক্রোপ্লান্টিক/মাইক্রোফাইবার বা যে কোনো ধরনের প্লান্টিকের কণা সামুদ্রিক পরিবেশ তথা যেকোনো পরিবেশের সঙ্গে যে হারে মিশে যাচ্ছে তাতে আমাদের খাদ্যশৃঙ্খলে প্লান্টিকের উপস্থিতি, মানবদেহে, রক্তে, মলে এমনকি মাতৃদুধেও প্লান্টিক কণা পাওয়া যাচ্ছে। এর ভয়াবহতার পরিমাপ আমাদের এখনও যথাযথ করা সম্ভব হয়নি।

তিনি আরও বলেন, বাংলাদেশে ভৌগলিক কারণে ফেলে দেওয়া প্লাস্টিকের অন্তিম গন্তব্য যেকোনো জলাধার হয়ে থাকে বেশিরভাগ ক্ষেত্রেই। আর সেন্টমার্টিনের মতো ছোট দ্বীপে পড়ে থাকা প্লাস্টিক যদি মূল ভূখণ্ডে নিয়ে আসা না হয় তবে এর পরিণাম শুধু এই দ্বীপের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। ছড়িয়ে পড়ে বঙ্গোপসাগরে।

সেন্টমার্টিনের প্যানেল চেয়ারম্যান আক্তার কামাল বলেন, সেন্টমার্টিন পরিক্ষার-পরিচ্ছন্ন রাখার এ উদ্যোগটি খুবই প্রশংসনীয়। সবাই নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসার জন্য চেষ্টা করলে অবশ্যই সফল হওয়া সম্ভব হবে। আগামীতে সেন্টমার্টিনে এ ধরনের কর্মসূচির আয়োজন করলে দ্বীপের পরিবেশের জন্য তা খুবই উপকার বয়ে আনবে।

বিভাগ : বাংলাদেশ

মন্তব্য করুন

Name	
Enter your comment here	
Comment Add Image	- 3

No one has commented yet. Be the first!

1

এই বিভাগের আরও



কক্সবাজারে গালগুণে ফেঁসে গেলেন এক ইউপি চেয়ারম্যান



গণতন্ত্রকে গলা টিপে হত্যা করেছে জিয়া- ফারুক চৌধুরী এমপি।



দৌলতপুরে মাথভাঙ্গা নদীতে ডুবে শিশুর মৃত্যু



ছিনতাই করা ট্রলার নিয়ে পালানোর সময় রাবারড্যামের গাডার ওয়ালে ধাক্কা



ফিলিস্তিনে আগ্রাসনের প্রতিবাদে সিলেটে কাল ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল

আরও



আরও পড়ুন



সিরিয়াতেও মিসাইল হামলা ইসরাইলের



গাজায় ছয় দিনে ছয় হাজার বোমা ফেলেছে ইসরাইল







গাজায় সাদা ফসফরাস বোমা ব্যবহার করছে ইসরাইল, প্রমাণ প্রকাশ



গাজায় লাখ লাখ মানুষের ঘুমানোর জায়গা নেই: রেডক্রস



বৃহস্পতির চাঁদে রয়েছে প্রাণ? প্রমাণ

পেয়েছে নাসা

এবার ইসরায়েলে রাজকীয় নৌবাহিনীর জাহাজ পাঠাচ্ছে যুক্তরাজ্য



সোডা মেশিনের মুখেই ক্ষতিকর ব্যাকটেরিয়া, সাবধান করলেন বিজ্ঞানীরা



তেজগাঁওয়ে ট্রেনের ধাক্কায় প্রাণ গেল যুবকের



আজ থেকে তিনদিন বন্ধ থাকবে মেট্রোরেল চলাচল



দেড় হাজার ফিলিস্তিনিকে হত্যা, বাস্তচ্যুত ৪ লাখ ২৩ হাজার





গুম থেকে ফেরা ছাত্রদল নেতা নাহিদকে তুলে নেওয়ার অভিযোগ



চীনকে নিয়ে ভারত মহাসাগরের দেশগুলিকে সতর্কবার্তা জয়শংকরের



বিকেলে আ.লীগ কার্যালয়ে যাবে মার্কিন প্রাক-নির্বাচন পর্যবেক্ষক দল



ইসরায়েল-হামাস যুদ্ধ : নিহত ছাড়াল ২ হাজার ৮০০



বিশ্ব ডিম দিবস আজ



কক্সবাজারে গালগুণে ফেঁসে গেলেন এক ইউপি চেয়ারম্যান



সাকিব-মিরাজদের সামলাতে 'প্রস্তুত' নিউজিল্যান্ড



পাকিস্তান ম্যাচের আগে মায়ের সাথে দেখা করতে চান বুমরাহ



ব্রাজিলকে রুখে দিল ভেনেজুয়েলা



সিরিয়ায় ইসরায়েলের হামলা আন্তর্জাতিক আইনের চরম লঙ্ঘন : রাশিয়া





সম্পাদক: এ এম এম

বাহাউদ্দীন

পিএবিএক্স:

০২২২৩৩৫৯৩৯৪-৭

ফ্যাক্স: ০২২২৩৩৫৯৪০৪

ইমেইল:

inqilab08@dhaka.net

বিজ্ঞাপন বিভাগ

ad@dailyinqilab.com

ইনকিলাব সম্পর্কে

গোপনীয়তার নীতি

শৰ্তাবলী

যোগাযোগ

ইনকিলাব এন্টারপ্রাইজ এন্ড পাবলিকেশন্স লি., ২/১, আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ এর পক্ষে সম্পাদক কর্তৃক প্রকাশিত এবং কাদেরিয়া পাবলিকেশন্স এন্ড প্রোডাক্টস লি., ২/১ আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত।

২০২৩ সর্বসত্ত্ব সংরক্ষিত | দৈনিক ইনকিলাব

个